

ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতাল  
 ধর্মঘটী শিক্ষানবিশ চিকিৎসকদের  
 মৌন মিছিল, স্মারকলিপি

নিজের প্রতিবেদক, ফরিদপুর ▶

রোগীর স্বজনদের হাতে চিকিৎসক লাঞ্ছিত হওয়ার ঘটনার প্রতিবাদ ও বিচারের দাবিতে ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে শিক্ষানবিশ চিকিৎসকদের ডাকা অনির্দিষ্টকালের ধর্মঘট সোমবারে অব্যাহত ছিল। ধর্মঘটী শিক্ষানবিশ চিকিৎসকরা দাবি আদ্যে হাসপাতাল চত্বরে সভা-সমাবেশ করছেন। ধর্মঘটের কারণে চিকিৎসাসেবা যাতে ব্যাহত না হয় সে জন্য জরুরি ক্ষেত্রে চিকিৎসকরা হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের চিকিৎসা দিচ্ছেন।

শিক্ষানবিশ (ইটানি) চিকিৎসক পরিষদের সভাপতি ডা. সাইফুজ্জাহান রবি বলেন, 'শিক্ষানবিশ চিকিৎসকরা বারবার মার খাচ্ছেন। আমরা নিরাপদ কর্মচল চাই।' তিনি বলেন, ফরিদপুরের জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়ে অবিলম্বে আমাদের দাবি মেনে নেওয়ার আহ্বান জানানো হয়েছে। তিনি আরো বলেন, দাবি না মানা পর্যন্ত ধর্মঘট চলবে।

স্মারকলিপি পেশ করার পর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শিক্ষানবিশ চিকিৎসকরা একটি মৌন মিছিল বের করেন। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে মেডিক্যাল কলেজ হাসপাতাল চত্বরে গিয়ে শেষ হয়।

ফরিদপুরের জেলা প্রশাসক আবু হেনা মোরশেদ জামান বলেন, পুলিশকে আসামি ধরতে বলা হয়েছে। তিনি বলেন, হাসপাতাল ক্যাম্পাসে নিরাপত্তার বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। হাসপাতাল সেখানে পুলিশ পাহারা বাড়ানো হচ্ছে।

ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. ওমর কারুক খান বলেন, আমরা ধর্মঘটী চিকিৎসকদের সঙ্গে আলোচনা করছি। আশা করছি দ্রুত একটা সমাধানে আসা যাবে। শিক্ষানবিশ চিকিৎসকদের ধর্মঘটের কারণে যাতে রোগীদের চিকিৎসাসেবা ব্যাহত না হয় সে জন্য জরুরি ক্ষেত্রে চিকিৎসকদের সংখ্যা বাড়ানো হয়েছে।

ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের গাইনি বিভাগে গত শনিবার সন্ধ্যায় আবেগপূর্ণ অনির্দিষ্ট অটলতায় আক্রান্ত রেজিনা আক্তার নামের এক রোগীর মৃত্যুর ঘটনায় তাঁর স্বজনরা কর্তৃত্বারত শিক্ষানবিশ চিকিৎসক মাহফুজকে লাঞ্ছিত করে পালিয়ে যায়। এ ঘটনার প্রতিবাদে রবিবার দুপুর থেকে শিক্ষানবিশ চিকিৎসক পরিষদ অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দেয়।